গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০১৯.২৩-১৭৯৮

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিষয়: অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১. এ বিভাগের পলিসি সাপোর্ট অধিশাখার এর স্মারক নং-৪৫, তারিখ: ২১ নভেম্বর ২০২৩খ্রি.।
২. জনাব মোঃ শামীম শেখ, বিলক্লার্ক, কুষ্টিয়া পৌরসভা এর আবেদন, তারিখ: ০১ নভেম্বর ২০২৩খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া পৌরসভার বিলক্লার্ক জনাব মোঃ শামীম শেখ-কে উক্ত পৌরসভা কর্তৃক স্থায়ীভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্তকরণ বিষয়ে জনাব মোঃ শামীম শেখ অভিযোগ দাখিল করেছেন।

২। এমতাবস্থায়, জনাব মোঃ শামীম শেখ কর্তৃক দাখিলকৃত আবেদনের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭।১২।২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৮. জনাব মোঃ শামীম শেখ, বিলক্লার্ক, কুষ্টিয়া পৌরসভা।
৯. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পলিসি সাপোর্ট অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.২৭.০০৪.২১.৪৫ তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সিস্টেম-এ ০১-১১-২০২৩ তারিখের ১৭১৪০৪২৯২২০০০১ নম্বর ট্রাকিংমূলে প্রাপ্ত অভিযোগ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সিস্টেম-এ ০১-১১-২০২৩ তারিখের ১৭১৪০৪২৯২২০০০১ নম্বর ট্রাকিংমূলে প্রাপ্ত অভিযোগ।

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) সিস্টেম-এ ০১-১১-২০২৩ তারিখের ১৭১৪০৪২৯২২০০০১ নম্বর ট্রাকিংমূলে মোঃ শামীম শেখ, মোবাইল নম্বর: ০১৭১৪০৪২৯২২, স্থায়ী ঠিকানা: 67/4 Shahid Mostafa Road Aruapara, PO: Mohini Mills, P.S+Dis: Kushtia-7001, পেশা: সরকারি চাকরি, জাতীয় পরিচয়পত্র নম্বর: ৫০৫২৭১৩৪৭৫, ই-মেইল: shamim.kp1986@gmail.com কর্তৃক কুষ্টিয়া পৌরসভার বিলক্লার্ক পদে চাকুরি হতে স্থায়ীভিত্তিতে বরখাস্তকরণ বিষয়ে দাখিলকৃত অভিযোগটি এ সাথে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগ বিষয়ে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ করা হলো।

২১-১১-২০২৩
মোঃ এমদাদুল হক চৌধুরী
যুগ্মসচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

অতিরিক্ত সচিব
নগর উন্নয়ন অনুবিভাগ
স্থানীয় সরকার বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০০০.২৭.০০৪.২১.৪৫/১ তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩০
২১ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৩) মোঃ শামীম শেখ, মোবাইল নম্বর: ০১৭১৪০৪২৯২২, বিল ক্লার্ক, 67/4 Shahid Mostafa Road Aruapara, PO: Mohini Mills, P.S+Dis: Kushtia-7001

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ

অভিযোগের তারিখ: ০১-১১-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৭১৪০৪২৯২২০০০১
অবস্থা: নতুন

**বিষয়: কুষ্টিয়া পৌরসভার বিলক্লার্ক পদে চাকুরী হতে স্থায়ী বরখাস্ত করন প্রসঙ্গে।**

মহোদয়,

আমি **মোঃ শামীম শেখ**, কুষ্টিয়া পৌরসভায় ০৩.০২.২০১৩ খ্রিঃ "**বিলক্লার্ক**" পদে চাকুরীতে যোগদান করে অদ্যবধি চাকুরী করে আসছি। বেশ কিছুদিন যাবৎ উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে কিছু বিষয়ে বনিবনা না হওয়ায় সূত্র (১) এ বর্ণিত স্মারক মূলে গত ২৬.০৯.২০২৩ খ্রিঃ আমার বিরুদ্ধে অফিস না করার অভিযোগ এনে কৈফিয়ত তলব করে ০১ (এক) কার্যদিবসের মধ্যে জবাব চাওয়া হয় উল্লেখ্য যে, আমি দীর্ঘদিন যাবৎ চর্মরোগে আক্রান্ত হওয়ার কারণে চিকিৎসাধীন অবস্থায় উর্দ্ধতন কর্তৃপক্ষের মৌখিক অনুমতিতে ফিঙ্গার প্রদান করতে পারিনি কিন্তু নিয়মিত অফিস করেছি এবং হাজিরা খাতায় স্বাক্ষর করেছি যার কারণে প্রতি মাসে ব্যাংকের মাধ্যমে বেতন পেয়েছি, কিন্তু আমাকে অভিযুক্ত করা হয়েছে ২৩.০১.২০২৩ হতে ২৫.০৯.২০২৩ তারিখ পর্যন্ত অফিসে অনুপস্থিত। এখানে প্রশ্ন থেকে যায় অফিসে অনুপস্থিত থাকলে উক্ত ০৯ (নয়) মাসের বেতন আমার ব্যাংক হিসাব নং এ কিভাবে প্রদান করেছে? (অগ্রণী ব্যাংক থানাপাড়া কুষ্টিয়া শাখা, হিসাব নং ০২০০০০৪৫৩০৮৬৬)। কৈফিয়ত তলবের লিখিত জবাব নিয়ে বারংবার স্ব-শরীরে মেয়র মহোদয়ের স্বাক্ষর করানোর চেষ্টা করে ব্যর্থ হয়ে সাধারণ শাখায় রক্ষিত ডাক ফাইলে জবাব জমা দিয়েছিলাম কিন্তু উক্ত জবাব গ্রহণ না করে সূত্র (২) এ বর্ণিত স্মারক মূলে আমাকে সাময়িক বরখাস্ত করা হয় এবং সূত্র (৩) এ বর্ণিত স্মারক মূলে ০৪ (চার) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে তদন্ত রিপোর্ট প্রদানের নির্দেশ প্রদান করা হয়। কিন্তু পরবর্তীতে ০১ (এক) কার্যদিবস পরে আমাকে সূত্র (৪) এ বর্ণিত স্মারক মূলে স্থায়ী বরখাস্ত করা হয়। উক্ত তদন্ত কমিটি আমাকে/আমার পক্ষে কোন ব্যক্তিকে হাজির হওয়া/জবানবন্দি গ্রহণ না করে/আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ না দিয়ে এক তরফা ভাবে আমাকে স্থায়ী বরখাস্তের চিঠি প্রদান করে কোন প্রকার সুযোগ সুবিধা ব্যতিরেকে। যার কারণে বর্তমানে পরিবার পরিজন নিয়ে খুবই কষ্টের মধ্যে জীবন যাপন করছি বিধায়, মানবিক দিক বিবেচনা করে স্থায়ী বরখাস্তের বিষয়ে আপনার সদয় হস্তক্ষেপ কামনা করছি। উল্লেখ্য যে, আমি ০২ (দুই)টি মাসুম সন্তানের জনক যাদের বয়স যথাক্রমে- ছয় ও তিন বছর এবং অসুস্থ পিতা-মাতা, স্ত্রীসহ ছয় সদস্য বিশিষ্ট পরিবার নিয়ে পথে বসেছি। এমতাবস্থায়, মানবিক দিক বিবেচনা করতঃ আমাকে স্ব-পদে চাকুরীতে বহাল রাখার জন্য সদয় মর্জি কামনা করছি।

আপনার বিশ্বস্ত

মোঃ শামীম শেখ

মোবাইল নম্বর: ০১৭১৪০৪২৯২২